14

ভোরের কাগজ

তারিখ ... 01 JUN 1998
পৃষ্ঠা ... ১২ কলাম ৬

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## শিক্ষা মন্ত্রণালয়

## জাতীয় শিক্ষা সপ্তাহ, ১৯৯৮

**সময়সূচি ঃ**

| | | |
|---|---|---|
| প্রতিষ্ঠান পর্যায়ের অনুষ্ঠান | ঃ | ১-৭ জুলাই '৯৮ |
| থানা পর্যায়ের অনুষ্ঠান | ঃ | ১৫-২১ জুলাই '৯৮ |
| জেলা পর্যায়ের অনুষ্ঠান | ঃ | ২৮ জুলাই-৩ আগস্ট '৯৮ |
| বিভাগীয়/বিশ্ববিদ্যালয় পর্যায়ের অনুষ্ঠান | ঃ | ১৬-২২ আগস্ট '৯৮ |
| জাতীয় পর্যায়ের অনুষ্ঠান | ঃ | ১৫-১৭ সেপ্টেম্বর '৯৮ |

**ক হইতে গ গ্রুপের ছাত্র-ছাত্রীদের প্রতিযোগিতার বিষয় ঃ**

(১) কেরাত, (২) হামদ/নাত, (৩) বাংলা রচনা প্রতিযোগিতা (বিষয় : অনির্ধারিত (৩০ মিনিট), (৪) বাংলা কবিতা আবৃত্তি (স্বনির্বাচিত), (৫) উপস্থিত বক্তৃতা, (৬) সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা, (৭) দেশাত্মবোধক গান, (৮) রবীন্দ্র সংগীত, (৯) নজরুল সংগীত, (১০) লোকসংগীত, (১১) উচ্চাংগ সংগীত, (১২) তাৎক্ষণিক অভিনয়, (১৩) উচ্চাংগ নৃত্য, (১৪) লোক নৃত্য।

**ঘ গ্রুপের ছাত্র-ছাত্রীদের প্রতিযোগিতার বিষয় ঃ**

(১) রচনা প্রতিযোগিতা (বাংলা), (২) রচনা প্রতিযোগিতা (ইংরেজী), (৩) উপস্থিত বক্তৃতা, (৪) নির্ধারিত বক্তৃতা (যুগোপযোগী শিক্ষা), (৫) বাংলা কবিতা আবৃত্তি (স্ব নির্বাচিত), (৬) ইংরেজী কবিতা আবৃত্তি (স্বনির্বাচিত), (৭) দেশাত্মবোধক গান, (৮) রবীন্দ্র সংগীত, (৯) নজরুল সংগীত, (১০) লোকসংগীত, (১১) উচ্চাংগ সংগীত, (১২) তাৎক্ষণিক অভিনয়, (১৩) উচ্চাংগ নৃত্য, (১৪) লোক নৃত্য।

**প্রতিযোগিতার গ্রুপ ঃ** ক গ্রুপ ঃ ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণী, খ গ্রুপ ঃ ৯ম থেকে ১০ম শ্রেণী, গ গ্রুপ ঃ একাদশ ও দ্বাদশ শ্রেণী (কলেজ পর্যায়), ঘ গ্রুপ ঃ বিশ্ববিদ্যালয় পর্যায়ের ছাত্র-ছাত্রী।

শিক্ষা সপ্তাহ '৯৮ উপলক্ষে থানা নির্বাহী কর্মকর্তাকে প্রধান করিয়া থানা শিক্ষা সপ্তাহ উদ্‌যাপন কমিটি, জেলা প্রশাসককে প্রধান করিয়া জেলা শিক্ষা সপ্তাহ উদ্‌যাপন কমিটি এবং বিভাগীয় কমিশনারকে প্রধান করিয়া বিভাগীয় শিক্ষা সপ্তাহ উদযাপন কমিটি গঠন করা হইয়াছে।

**শিক্ষা সম্মেলন ঃ**

থানা পর্যায় হইতে জাতীয় পর্যায় পর্যন্ত শিক্ষা সম্মেলনের আয়োজন করিতে হইবে। শুধুমাত্র থানা পর্যায়ে শিক্ষা মেলা অনুষ্ঠিত হইবে। এই জন্য প্রয়োজনীয় বরাদ্দ দেওয়া হইয়াছে। শিক্ষা সম্মেলনের আলোচ্য বিষয়বস্তু হইবে "যুগোপযোগী শিক্ষা"।

**শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক/শিক্ষিকা, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন ঃ**

শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নীতিমালা অনুসরণে দেশব্যাপী মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান হইতে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক/শিক্ষিকা নির্বাচন করা হইবে। আগামী ০৮-৭-৯৮-এর মধ্যে থানা নির্বাহী কর্মকর্তার নিকট শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান ও শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান নির্বাচনের জন্য সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় তথ্য ও প্রতি শিক্ষা প্রতিষ্ঠান হইতে একজন শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক/শিক্ষিকার নাম জীবনবৃত্তান্তসহ প্রেরণের অনুরোধ করা যাইতেছে।

**শ্রেষ্ঠ স্কাউট, গার্ল গাইড, স্কাউট গ্রুপ, গার্ল গাইড গ্রুপ, স্কাউট প্রশিক্ষক, গার্ল গাইড প্রশিক্ষক নির্বাচন ঃ**

বর্তমান বছর হইতে শ্রেষ্ঠ স্কাউট, গার্ল গাইড, স্কাউট গ্রুপ, গার্ল গাইড গ্রুপ, স্কাউট প্রশিক্ষক, গার্ল গাইড প্রশিক্ষককে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। এই জন্য প্রতিটি প্রতিষ্ঠান হইতে উল্লেখিত কার্যক্রমে সংশ্লিষ্ট সকলকে অংশগ্রহণের অনুরোধ করা যাইতেছে।

**পুরস্কার বিতরণ ঃ**

জাতীয় পর্যায়ের চূড়ান্ত নির্বাচনের পর শ্রেষ্ঠ ছাত্র-ছাত্রী, শ্রেষ্ঠ স্কাউট, গার্ল গাইড, স্কাউট গ্রুপ, গার্ল গাইড গ্রুপ, স্কাউট প্রশিক্ষক, গার্ল গাইড প্রশিক্ষক, শ্রেণী শিক্ষক-শিক্ষিকা, প্রতিষ্ঠান প্রধান ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে পুরস্কৃত করা হইবে।

ডিএফপি-১১৯৫৪-২৭/৫/৯৮ (৮"×৩)
ডি/স-১১৫৫/৯৮